

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

তথ্য ও গণযোগাযোগ-২ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪ অগ্রহায়ণ ১৪২৪

তারিখঃ

২৮ নভেম্বর ২০১৮

নং-১৫.০০.০০০০.০২৬.০১.০১১.১৪।৩২২


“নিয়োগ বিজ্ঞপ্তি”

মন্ত্রিপরিষদ বিভাগের ১৮-১২-১৯৯৩ তারিখের মপবি/রিপোর্ট/বিদেশস্থ/৪(৫)/৯৩-১৭৯(১৩) সংখ্যক পরিপত্র (পরবর্তীতে ১১-০৭-২০১৬ তারিখে সংশোধিত) অনুসারে তথ্য মন্ত্রণালয়ধীন ওয়াশিংটন দূতাবাস, যুক্তরাষ্ট্র বাংলাদেশ প্রেস উইং-এর নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য নিম্নে উল্লিখিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে (অপর পৃষ্ঠায় নমুনা মোতাবেক) দরখাস্ত (৬ প্রস্থ) আহ্বান করা যাচ্ছে:-

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | মিশনের নাম |
|-----------|---|-------------|-------------------------|
| ০১। | মিনিষ্টার (প্রেস) ৩য় গ্রেড, টাঃ ৫৬৫০০-৭৪৪০০/- | ১টি | ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র |

শর্তসমূহঃ

- (ক) প্রার্থীকে উপযুক্ত ব্যাকগ্রাউন্ড, খ্যাতিমান ও প্রথিতযশা সাংবাদিক, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জনসংযোগ কর্মকর্তা হতে হবে।
- (খ) গণমাধ্যম ও গণসংযোগের কাজে অভিজ্ঞতা থাকতে হবে।
- (গ) ইংরেজী ভাষায় স্বাধীনভাবে যে কোন বিষয়ে লেখা ও বলার উপর বুৎপত্তি থাকতে হবে।
- (ঘ) আবেদনকারীর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।
- (ঙ) প্রার্থীকে প্রয়োজনীয় কম্পিউটার জ্ঞান সম্পন্ন হতে হবে।
- (চ) স্বাধীনভাবে দপ্তর পরিচালনা ও দাপ্তরিক আইন-কানুন সম্পর্কে সম্যক জ্ঞান থাকতে হবে।
- (ছ) বিজ্ঞপ্তি জারির তারিখ হতে ৩(তিন) বছর পূর্বের সময়ের মধ্যে যারা বিদেশে চাকুরী করেছেন, তাঁদের আবেদন করার কোন প্রয়োজন নেই।
- (জ) ০১ জানুয়ারি ১৯৯২ তারিখের পর জন্ম গ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাঁদের আবেদন বিবেচনাযোগ্য হবে না।
- (ঝ) সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয় বরাবর আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২৭.১২.২০১৮খ্রিঃ তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র পাওয়া গেলে তা বিবেচনা করা হবে না।


(মোসাম্মৎ জোহরা খাতুন)

উপসচিব

☎ ৯৫ ৭৪৪৮ ১।

Email: sas.masscom2@moi.gov.bd

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব-----মন্ত্রণালয়/বিভাগ(সকল), ঢাকা।
- ৪। -----(তথ্য মন্ত্রণালয়ধীন সকল দপ্তর/সংস্থা প্রধান)।
- ৫। মাননীয় তথ্য মন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় তথ্য মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৬। মাননীয় তথ্য প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় তথ্য প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

জীবন বৃত্তান্তঃ

| | | | |
|-----|---|---|--|
| ১। | নাম ও পরিচিতি নং (যদি থাকে) | : | |
| ২। | বর্তমান আবাসিক ঠিকানা | : | |
| ৩। | স্থায়ী ঠিকানা | : | |
| ৪। | জন্ম তারিখ | : | |
| ৫। | পদবী এবং বর্তমান কর্মস্থল | : | |
| ৬। | বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ | : | |
| ৭। | বর্তমান বেতন স্কেল | : | |
| ৮। | প্রথম শ্রেণীর চাকুরীতে যোগদানের তারিখ | : | |
| ৯। | ক্যাডারের নামসহ ক্যাডারে যোগদানের তারিখ এবং ক্যাডারে চাকুরীকালের সঠিক মেয়াদ (আবেদনপত্র জমা দেওয়ার তারিখ পর্যন্ত) | : | |
| ১০। | ইতিপূর্বে যে সকল মন্ত্রণালয়ে/ সংস্থায় কাজ করিয়াছেন তাহার মেয়াদসহ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণ | : | |
| ১১। | বিগত ৫ বৎসর যে যে পদে কর্মরত ছিলেন তাহার নাম ও কর্মস্থলের পূর্ণ ঠিকানা | : | |
| ১২। | শিক্ষাগত যোগ্যতা (এস,এস,সি/ম্যাট্রিক হইতে মাস্টারস ডিগ্রী পর্যন্ত প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেণী/বিভাগ উল্লেখ করিতে হইবে)। | : | |

১৩। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ :

| প্রশিক্ষণ | প্রশিক্ষণের স্থান (ইনস্টিটিউশনের নামসহ) | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণের বিষয় |
|--------------|--|--------------------|-------------------|
| (ক) স্থানীয় | | | |
| (খ) বিদেশী | | | |

- ১৪। বাংলা ও ইংরেজী ব্যতীত অন্যান্য ভাষায় দক্ষতা
(সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করিতে হইবে) :
- ১৫। বিদেশে পূর্বতন পোস্টিং (যদি থাকে) :
- ১৬। বিবাহিত/অবিবাহিত :
- ১৭। সন্তান সংখ্যা (প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ
করিতে হইবে) :
- ১৮। প্রার্থীত পদের নাম :
- ১৯। অন্যান্য বিষয়াদি (যদি থাকে) :

আবেদনকারীর স্বাক্ষর

ফোন নম্বরঃ

অফিস----- বাসা-----

